চুয়াডাঙ্গায় মাদক মামলায় ৭০ বছরের বৃদ্ধের ১০ বছরের কারাদণ্ড

চুয়াডাঙ্গায় মাদক মামলায় আশরাফ আলী (৭০) নামে এক ব্যক্তিকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাকে ৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক মাসের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

সোমবার (১৪ সেপ্টেম্বর) দুপুরে চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা ও দায়রা জজ সত্যব্রত শিকদার এ রায় ঘোষণা করেন।
দণ্ডপ্রাপ্ত আশরাফ আলী জীবননগর উপজেলার কাশিপুর গ্রামের মৃত এলাহী বকসোর ছেলে।

আদালত ও মামলার এজাহার সূত্রে জানা গেছে, ২০২০ সালের ১০ জানুয়ারি গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) একটি দল অভিযান চালিয়ে আশরাফ আলীকে ৯৫০ বোতল ফেনসিডিলসহ আটক করে।

এ ঘটনায় চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার (ডিবি) উপপরিদর্শক (এসআই) আবুবক্কর সিদ্দিক বাদী হয়ে ওই দিন জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করেন।

পরে মামলার তদন্ত শেষে আদালতে অভিযোগপত্র দাখিল করা হয়। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে সাক্ষ্য-প্রমাণ পর্যালোচনা করে আদালত আশরাফ আলীকে দোষী সাব্যস্ত করে এ সাজা দেন।

দামুড়হুদায় ৭ কেজি ২০০ গ্রাম গাঁজাসহ ১ মাদক কারবারি

[redacted]

[redacted] [redacted] [redacted] [

দামুড়হুদায় বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

চুয়াডাঙ্গার দামুড়হুদায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, সমাবেশ ও কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেল ৫টায় দামুড়হুদা উপজেলা বিএনপির আয়োজনে দামুড়হুদা ব্রিজ মোড় এলাকা থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বাসস্ট্যান্ড এলাকায় গিয়ে শেষ হয়। পরে কৃষি ব্যাংকের সামনে এক বিশাল সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ শেষে কেক কেটে দলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম ও মহিলা বিষয়ক সম্পাদিকা সালমা জাহান পারুল।

এ সময় বক্তব্য দেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। তিনি বিএনপির প্রতিষ্ঠাতা সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। একই সঙ্গে দেশ ও জাতির কল্যাণ এবং গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে আত্মোৎসর্গকারী শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, সদস্যসচিব জাকির হোসেন, উপজেলা কৃষকদল নেতা শামসুল আলমসহ বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

সমাবেশে বক্তারা বলেন, ১৯৭৮ সালের ১ সেপ্টেম্বর শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান দেশের ক্রান্তিলগ্নে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠার পর থেকে দলটি বহুদলীয় গণতন্ত্র, জাতীয়তাবাদ এবং জনগণের অধিকার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে।

বক্তারা আশা প্রকাশ করেন, বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী দেশের গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনকে আরও বেগবান করবে। অনুষ্ঠানের শেষপর্যায়ে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কেটে উপস্থিত নেতাকর্মীদের মধ্যে তা বিতরণ করা হয়।

আলমডাঙ্গার হাজী বিরিয়ানি খেয়ে বমি-ডায়রিয়া, শিশুসহ হাসপাতালে ৯

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় একটি বিরিয়ানি হাউজ থেকে বিরিয়ানি খাওয়ার পর শিশুসহ তিন পরিবারের নয়জন অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

ভুক্তভোগীদের অভিযোগ, গত সোমবার বিকেল থেকে সন্ধ্যার মধ্যে আলমডাঙ্গা থানা-সংলগ্ন হাজী বিরিয়ানি হাউজ থেকে বিরিয়ানি কিনে খাওয়ার পর রাতেই তাঁদের পেটব্যথা, বমি ও ডায়রিয়া শুরু হয়। পরে শারীরিক অবস্থার অবনতি হলে মঙ্গলবার তাঁদের চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়।

অসুস্থদের মধ্যে রয়েছেন আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের জোড়গাছা গ্রামের ফারুক হোসেনের স্ত্রী মরিয়ম খাতুন (২৭) ও তাঁদের দুই সন্তান তাওহিদ (২) ও তাওসিফ (৮); জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রামের জিনারুল ইসলাম (৪৬), তাঁর স্ত্রী পান্না খাতুন
(৪২) ও ছেলে সাহেদ (১৩); চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউনিয়নের রাজাপুর গ্রামের জাহিদ হোসেনের স্ত্রী (৩৫), মেয়ে জান্নাতুল শ্রাবণী (১৫) এবং তাঁদের আত্মীয় জিহাদ আলীর স্ত্রী সুবর্ণা খাতুন (২১)।

ভুক্তভোগীদের ভাষ্য, তাঁরা পৃথক সময়ে সোমবার বিকেল থেকে সন্ধ্যার মধ্যে আলমডাঙ্গা থানা-সংলগ্ন ওই বিরিয়ানি হাউজ থেকে বিরিয়ানি কিনে বাড়িতে নিয়ে যান। রাতে পরিবারের সদস্যরা বিরিয়ানি খাওয়ার পর রাত ১২টার দিকে একে একে তীব্র পেটব্যথা, বমি ও ডায়রিয়ায় আক্রান্ত হন। বিরিয়ানি খাওয়া পরিবারের সদস্যদের সবাই একই ধরনের অসুস্থতায় আক্রান্ত হয়েছেন বলে দাবি তাঁদের।

ফারুক হোসেন বলেন, “অফিস শেষে হাজী বিরিয়ানি হাউজ থেকে বিরিয়ানি কিনে বাসায় নিয়ে আসি। রাতে আমার স্ত্রী ও দুই সন্তান বিরিয়ানি খায়। রাত ১২টার পর থেকেই তারা হঠাৎ অসুস্থ হয়ে পড়ে। বমি, পেটব্যথা ও ডায়রিয়া শুরু হয়। পরদিন সকালে তাদের হাসপাতালে ভর্তি করা হয়।”

তিনি বলেন, “বাড়িতে ভাত রান্না করার মতোও এখন কেউ নেই। আমার ধারণা, খাবারে সমস্যা ছিল। কারণ যারা বিরিয়ানি খেয়েছে, তারাই অসুস্থ হয়ে হাসপাতালে এসেছে। বিষয়টি জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের খতিয়ে দেখা প্রয়োজন।”

জাহিদ হোসেন বলেন, আলমডাঙ্গায় ঘুরতে গিয়ে ফেরার সময় হাজী বিরিয়ানি হাউজ থেকে দুই প্যাকেট বিরিয়ানি কিনে বাসায় যান। পরিবারের তিনজন মিলে সেই বিরিয়ানি খাওয়ার পর সবাই অসুস্থ হয়ে পড়েন। পরে তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়।

তিনি আরও বলেন, একই বিরিয়ানি খেয়ে ডায়রিয়া ওয়ার্ডে একাধিক রোগী ভর্তি হয়েছেন। একাধিক মানুষ অসুস্থ হওয়ায় বিষয়টি প্রশাসনের খতিয়ে দেখা উচিত।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. ফারহানা ওয়াহিদ তানি বলেন, আলমডাঙ্গা থেকে শিশুসহ নয়জন বমি ও ডায়রিয়ায় আক্রান্ত হয়ে সদর হাসপাতালে ভর্তি হয়েছেন। তাঁদের ডায়রিয়া ওয়ার্ডে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। রোগীদের ভাষ্য অনুযায়ী, বিরিয়ানি খাওয়ার পরই তাঁরা অসুস্থ হয়ে পড়েছেন। বর্তমানে সবাই চিকিৎসাধীন।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান বলেন, অভিযোগ পেলে বিষয়টি খতিয়ে দেখা হবে।

[redacted]

[redacted]

শুকুর আলী জানান, প্রায় ১০ মিনিট পর পাহারায় থাকা ব্যক্তি কিছুটা দূরে গেলে কৌশলে হাত-পায়ের বাঁধন খুলে ফেলেন তিনি। পরে দুই সন্তানকে নিয়ে সেখান থেকে পালিয়ে গিয়ে ঘটনাটি গ্রামবাসীকে জানান তিনি। পরে কৌশলে পালিয়ে যান বিপ্লবও।

এবিষয়ে আলমডাঙ্গা থানার ওসি বানী ইসরাইল বলেন, ‘খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছি। ওই ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।’

দামুড়হুদায় ঘাস কাটার মেশিনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী- স্ত্রীর মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদায় গরুর জন্য ঘাস কাটার সময় বৈদ্যুতিক মেশিনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী-স্ত্রীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) দুপুর দেড়টার দিকে উপজেলার কালিয়াবকরি গ্রামে এ মর্মান্তিক ঘটনা ঘটে।নিহতরা হলেন, কালিয়াবকরি গ্রামের মাদার মণ্ডলের ছেলে লিটন হোসেন (৪০) ও তাঁর স্ত্রী লিপা খাতুন (৩৬)।

স্থানীয়রা জানান, মঙ্গলবার দুপুরে লিটন হোসেন তাঁর গরুর জন্য বৈদ্যুতিক মেশিনে ঘাস কাটছিলেন। এ সময় অসাবধানতাবশত আগে থেকেই মেশিনটি বিদ্যুতায়িত থাকায় তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন। স্বামীকে উদ্ধার করতে এগিয়ে গেলে তাঁর স্ত্রী লিপা খাতুনও বিদ্যুৎস্পৃষ্ট হন।

পরে স্থানীয় ও পরিবারের সদস্যরা দুজনকে দ্রুত উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। তবে হাসপাতালে পৌঁছানোর আগেই তাঁদের মৃত্যু হয় বলে জানা গেছে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. মোস্তাফিজুর রহমান বলেন, পরিবারের সদস্যরা লিটন

হোসেন ও লিপা খাতুনকে হাসপাতালে নিয়ে আসেন। পরীক্ষা-নিরীক্ষা শেষে তাঁদের মৃত ঘোষণা করা হয়। হাসপাতালে পৌঁছানোর অনেক আগেই তাঁদের মৃত্যু হয়েছে বলেও তিনি জানান।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহউদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী- স্ত্রীর মৃত্যুর খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দামুড়হুদায় বিদ্যুৎস্পৃষ্টে চোরের মৃত্যু, থানায় অপমৃত্যু মামলা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার লোকনাথপুর পশ্চিমপাড়ায় টিউবয়েলের মোটর চুরি করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১লা সেপ্টেম্বর) ভোর আনুমানিক ৫ টার দিকে এ ঘটনা ঘটে।

নিহত ব্যক্তি উপজেলার দর্শনা থানার দর্শনা শান্তিপাড়ার মৃত সিরাজুল ইসলাম এর ছেলে শরিফুল ইসলাম ওরফে বরু (৫০)।

এ ঘটনায় বাড়ির মালিক উপজেলার লোকনাথ পুর গ্রামের পশ্চিম পাড়ার মৃত গোলজার মন্ডলের ছেলে কেরামত আলী (৬৫) বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করেছেন।

অপমৃত্যু সংবাদের বিবরণে জানা যায়, গত ৩১/০৮/২০২৬ তারিখ রাত আনুমানিক ১০টার সময় কেরামত আলী ও তার পরিবারের সদস্যরা ঘুমিয়ে পড়েন। পরদিন ০১/০৯/২০২৬ তারিখ ভোর ৫টার দিকে তার স্ত্রী মারুফা বেগম (৫০) ফজরের নামাজ পড়ার জন্য ঘুম থেকে উঠে বাড়ির দক্ষিণ পাশে টিউবওয়েলের কাছে অজু করতে যান। এ সময় তিনি দেখতে পান, টিউবওয়েলের সাথে থাকা ইলেকট্রিক মোটরের মেইন তারের সাথে হাতে কাঁচিসহ এক ব্যক্তি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মরে পড়ে আছে।

তার চিৎকারে ছেলে আশরাফুল ইসলাম (৩৫) ও প্রতিবেশী রশিদুল ইসলাম

(৩০) সহ স্থানীয়রা ছুটে আসেন। পরে স্থানীয়ভাবে খোঁজ নিয়ে জানা যায় নিহত ব্যক্তি দর্শনার শান্তিপাড়ার শরিফুল ইসলাম ওরফে বরু। ধারণা করা হচ্ছে, রাতের আঁধারে মোটর চুরি করতে গিয়ে তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন। বর্তমানে তার লাশ ঘটনাস্থলেই রয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটসের বৃক্ষরোপণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের পক্ষ থেকে বৃক্ষরোপণ সপ্তাহ উদযাপন করা হয়েছে। সোমবার বেলা বারোটায় চুয়াডাঙ্গা সরকারি কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ সপ্তাহ উপলক্ষ্যে বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

বৃক্ষরোপন কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের গ্রুপ সভাপতি প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীরর নির্দেশনা মোতাবেক এবং বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল কর্তৃক ঘোষিত বৃক্ষরোপণ সপ্তাহ দেশব্যাপী উদযাপিত হচ্ছে।

এসময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ফারজানা কেতকী,চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক সফিকুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সম্পাদক জাহিদুল হাসান, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক

ড. আব্দুর রশিদ, প্রভাষক ও ইউনিট লিডার আজিম হোসেনসহ চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার আল মুতাকাব্বির সাকিব ও রোভার স্কাউটস এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক নজরুল বিষয়ক সাংস্কৃতিক প্রতিযোগীতার উদ্বোধন

চুয়াডাঙ্গায় শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক নজরুল বিষয়ক জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে। সোমবার (৩১ আগস্ট) সকাল ১০টায় জেলা ডিসি সাহিত্য মঞ্চে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে এ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে বেলুন উড়িয়ে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা প্রশাসক লুৎফুন নাহার। পরে নজরুল বিষয়ক জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন আক্তারের সভাপতিত্বে সভায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্যচর্চা, কবিতা, কাব্যগ্রন্থ, উপন্যাস ও অন্যান্য সাহিত্যকর্ম নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য দেন চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমির কালচারাল অফিসার সাইফুল ইসলাম মিলন। চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. মুন্সি আবু সাইফের সঞ্চালনায় সভায় প্রধান অতিথির বক্তব্য দেন জেলা প্রশাসক লুৎফুন নাহার।

তিনি বলেন, ‘কাজী নজরুল ইসলাম আমাদের জাতীয় কবি। তিনি শুধু একজন কবি নন, তিনি ছিলেন সাম্য, মানবতা, অসাম্প্রদায়িকতা ও শোষণমুক্ত

সমাজের স্বপ্নদ্রষ্টা। তাঁর সাহিত্য ও সংগীত আমাদের অন্যায়-অবিচারের বিরুদ্ধে দাঁড়াতে এবং মানবিক সমাজ গড়তে অনুপ্রেরণা দেয়।’

জেলা প্রশাসক আরও বলেন, নজরুলের গান, কবিতা ও সাহিত্যকর্মের মাধ্যমে নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম, মানবিক মূল্যবোধ ও অসাম্প্রদায়িক চেতনা ছড়িয়ে দিতে হবে। এ ধরনের সাংস্কৃতিক প্রতিযোগিতা শিশু-কিশোরদের প্রতিভা বিকাশের পাশাপাশি তাদের নজরুলের আদর্শ ও সৃষ্টিশীলতার সঙ্গে পরিচিত হতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

তিনি বলেন, ‘আজকের প্রতিযোগিতায় অংশ নেওয়া শিক্ষার্থীরা শুধু পুরস্কার অর্জনের জন্য নয়, নজরুলের সৃষ্টিকে হৃদয়ে ধারণ করার চেষ্টা করবে। তাদের মধ্য থেকেই আগামী দিনের সংস্কৃতিমনা, মানবিক ও দেশপ্রেমিক নাগরিক গড়ে উঠবে।’

সভায় আরও বক্তব্য দেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, জেলা সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) শেখ মোহাম্মদ নুরুল্লাহ, জেলা পরিষদের প্রশাসক শরীফুজ্জামান শরীফ প্রমুখ।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বি.এম তারেক-উজ জামান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি নাজমুল হক স্বপন, সাধারণ সম্পাদক শাহ আলম সনি, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক কামরুজ্জামান সেলিম, পৌর বিএনপির সভাপতি সিরাজুল ইসলাম মনি, জাসাসের সভাপতি শহিদুল হক বিশ্বাস ও সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিমসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

অনুষ্ঠানের শেষে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের লেখা বিভিন্ন গানের ওপর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

আয়োজকরা জানান, আগামী ২ সেপ্টেম্বর থেকে জেলার সকল শিক্ষাপ্রতিষ্ঠানে নজরুল বিষয়ক জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

আখের ছোবড়া থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে

আখের ছোবড়া থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের (বিএসএফআইসি) চেয়ারম্যান মো. শামসুজ্জামান সুরুজ। চিনি শিল্পসহ সকল উৎপাদনমুখী কারখানা চালু রাখতে বর্তমান সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান কাজ করে যাচ্ছেন বলেও জানান তিনি।

আজ শনিবার চুয়াডাঙ্গার দর্শনায় অবস্থিত কেরু অ্যান্ড কোম্পানি সুগার মিলের অতিথি ভবনে চিনিকলের কর্মকর্তা ও আখচাষীদের সাথে পৃথক পৃথক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিএসএফআইসি চেয়ারম্যান বলেন, “চিনি শিল্পকে আধুনিকীকরণ ও বন্ধ মিল চালু করতে নতুন কর্মসংস্থানের পাশাপাশি নতুন যন্ত্রপাতি ও মেশিনপত্র ক্রয়ের প্রক্রিয়া চলছে। আখচাষীদের ভর্তুকির টাকা খুব শীঘ্রই তাদের হাতে পৌঁছে যাবে সেই অনুযায়ী কাজ সম্পন্ন করা হয়েছে। আশা করা যাচ্ছে, রোপণ মৌসুম শুরুর আগেই চাষীরা ভর্তুকির অর্থ পেয়ে যাবেন।”

দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি সুগার মিলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসানের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের সচিব মোহাম্মদ মুজিবুর রহমান।

সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন চিনিকলের মহাব্যবস্থাপক (প্রশাসন) ওমর আল ফারুক মির্জা গালিব, মহাব্যবস্থাপক (অর্থ) আব্দুস সাত্তার, মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূঁইয়া, বাণিজ্যিক খামার ইনচার্জ সুমন কুমার সাহা, ডিহি খামার ইনচার্জ ইমদাদুল হক সহ স্থানীয় আখচাষী ও মিলের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।